মেহেরপুর রাজনগর ফুটবল একাদশ ৩ গোলে জয়ী

মেহেরপুর সদর উপজেলা রাজনগর গ্রামে সুখরঞ্জন ও বকুল রানী সরকার স্মৃতি ফুটবল টুর্নামেন্টে রাজনগর পাবলিক ক্লাব ফুটবল একাদশ ৩ গোলে জয়ী হয়েছে।

গতকার মঙ্গলবার বিকালে রাজনগর স্কুল মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়। ৮০ মিনিটের খেলায় টান টান উত্তেজনায় রাজনগর পাবলিক ক্লাব ফুটবল একাদশ ৩-০ গোল করে সিংহাটি ফুটবল একাদশ দলকে পরাজিত করে। খেলা শেষে ম্যান অব দা ম্যাচ ও সেরা গোলদাতা সহ তিন জনকে প্রাইজবন্ড দিয়ে পুরস্কৃত করা হয়।

খেলাটি পরিচালনা করেন জহির উদ্দিন, ইমাদুল ইসলাম, হাসিবুল ইসলাম। খেলাটির সার্বিক সহযোগীতায় ছিলেন সুধাংশু মোহন সরকার। এসময় খেলা পরিচালনা কমিটির সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, কালু সহ খেলা দেখতে আসা হাজার হাজার দর্শক খেলাটি উপভোগ করেন।

নিজস্ব প্রতিনিধি

অনূর্ধ্ব ১৮ ক্রিকেটে মেহেরপুর জেলা ক্রিকেট দল ৯ উইকেটে জয়ী

বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) কর্তৃক আয়োজিত ২০১৯/২০ ক্রিকেট মৌসুমে বয়স ভিত্তিক অনূর্ধ্ব ১৮ ক্রিকেটে মেহেরপুর জেলা ক্রিকেট দল মাগুরা জেলা ক্রিকেট দলকে পরাজিত করেছে।

গতকাল মঙ্গলবার সকালে কুষ্টিয়া স্টেডিয়াম ভেন্যূতে এ খেলা অনষ্ঠিত হয়। খেলার প্রথমে ব্যাটিং এ মাগুরা জেলা ক্রিকেট দল ৪৮ ওভার ৫ বল খেলে ১২৭ রানে অলআউট হয়ে যায়। জবাবে মেহেরপুর জেলা ক্রিকেট দল ব্যাটিং এ নেমে ৩৩ ওভার ৫ বলে এক উইকেট হারিয়ে ১৩১ রান করে ৯ উইকেট জয়লাভ করে।

খেলায় নাঈম ইসলাম ৫৩ রান এবং মাসুম মিয়া ৬৭ রান ২ উইকেট পায়।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে মিজানুর রহমান রিপন স্মৃতি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুর বোসপাড়া যুব সংঘের উদ্যোগে বোসপাড়া নেশার মাঠে শহীদ মিজানুর রহমান রিপন স্মৃতি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।
গতকাল সোমবার বিকালে মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে টুর্নামেন্টের উদ্বোধন করেন। এ সময় তিনি উভয় দলের খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হন। মোট ৮টি দল অংশগ্রহণ করছে। দুটি গ্রুপে বিভক্ত হয়ে লীগ ভিত্তিক পরস্পর পরস্পরের মোকাবেলা করবে।
উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে ২ নম্বর ওয়ার্ড কাউন্সিলর আল মামুন সেখানে উপস্থিত ছিলেন ।
উদ্বোধনী খেলাটি গোলশূন্যভাবে ড্র হয়। বোসপাড়া একাদশ ও রব্যাক একাদশের মধ্যকার খেলাটি আক্রমণ এবং পাল্টা আক্রমণে মধ্যে দিয়ে খেলাটি শেষ হয়।

-নিজস্ব প্রতিনিধি

মোমিনপুর ছহীউদ্দিন ফুটবলে

ফাইনালে ভবানন্দপুর

মেহেরপুর সদরের মোমিনপুর হাই স্কুল মাঠে সাবেক সংসদ সদস্য মুক্তিযোদ্ধা ছহীউদ্দিন স্মৃতি ফটবল টুর্নামেন্টের দ্বিতীয় সেমিফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল ৪ ঘটিকার সময় এক জনাকীর্ণ মাঠে এই খেলা অনুষ্ঠিত হয়। এ খেলায় অংশগ্রহণ করে ভাটপাড়া ফুটবল একাদশ ও ভবানন্দপুর ফুটবল একাদশ। নির্ধারিত ৯০ মিনিটের খেলায় কোন পক্ষে গোল না করায় পরবর্তীতে ট্রাইবেকার এর মাধ্যমে বিজয়ী দল নির্ধারণ করা হয়।

ভবানন্দপুর ফুটবল একাদশ ৯-৮ গোলে ভাটপাড়া একাদশকে পরাজিত করে। মোমিনপুর ডায়মন্ড ক্লাব কর্তৃক আয়োজিত এ খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলার ভাইস চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম মোমিন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদ সদস্য রফিকুল ইসলাম, ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম লিটন, সাবেক ছাত্রনেতা বেলাল হোসেন মানিক, ইউনিয়ন যুবলীগের সভাপতি এস আই রিঙ্কু মাহমুদ।

খেলার সার্বিক দায়িত্বে ছিলেন মোমিনপুর ডায়মন্ড ক্লাবের সভাপতি জয়নাল আবেদিন ও সাধারণ সম্পাদক রিপন আলি খেলা পরিচালনায় রেফারির দায়িত্ব পালন করেন মিলন হোসেন।

- বারাদী প্রতিনিধি

গোভীপুরে রশীদুল আজম টোকন স্মৃতি ফুটবল আমঝুপি শিশু-

কিশোর চ্যাম্পিয়ন

মেহেরপুর সদর উপজেলার গোভিপুর ভৈরব ক্লাবের উদ্যোগে গোভিপুর মাঠে অনুষ্ঠিত রশীদুল আজম টোকন স্মৃতি ফুটবল টুর্নামেন্টের আমঝুপি শিশু-কিশোর সংগঠন চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে।

শুক্রবার অনুষ্ঠিত ফাইনাল খেলায় আমঝুপি ৩-১ গোলে ঝাউবাড়িয়া সত্যসন্ধ ক্লাবকে পরাজিত করে ।

ফাইনাল খেলা শুরু হওয়ার আগেই মেহেরপুরের গোভীপুরে মাঠ দর্শকে পরিপূর্ণ হয়ে ওঠে হাজার হাজার দর্শক মাঠে নিজ নিজ দলের পক্ষে স্লোগান দিতে শুরু করে।
খেলার শুরুতেই দুই দলই নিস্প্রভ থাকলেও শেষ দিকে এসে আমঝুপির মিঠু একটি দর্শনীয় গোল করে খেলায় এগিয়ে যায়। প্রথমাদ্ধে বাকি সময়টুকু উভয় দলের খেলার গোলের সুযোগ পেলেও তা শেষ পর্যন্ত আর করতে পারেনি।

বিরতির পর উভয় দলই আক্রমণ এবং পাল্টা আক্রমণ করে খেলতে থাকে কিন্তু আমঝুপির মিঠু করার পাশাপাশি নিজের হ্যাটট্রিক সম্ভাবনা গড়ে তোলেন ।

খেলা শেষ দিকে মিঠু যখন তৃতীয় গোলটি করতে যাচ্ছিলেন ঠিক সে সময় গোলরক্ষকের কাছ থেকে পরাস্ত হয়ে আগুয়ান বাপ্পির উদ্দেশ্যে ছেড়ে দেন বাপ্পি ফাকায় দাঁড়িয়ে থাকা অবস্থায় জালে বল জড়িয়ে দেন।

তিন গোলে এগিয়ে যাওয়ার পর আমঝুপি শিশু-কিশোর সংগঠন কিছুটা ঝিমিয়ে পড়েন আর সেই সুযোগকে কাজে লাগিয়ে ঝাউবাড়িয়া সাব্বির গোল করে গোলের ব্যবধান ব্যবধান ৩-১ এ নিয়ে যান । আবারো গোল করে দলের গোলের ব্যবধান দ্বিগুণ এ পরিণত করেন।

খেলার শেষ বাঁশি বাজার সাথে সাথে উৎসুক জনতা নিজ দলের পক্ষে ব্যাপক উল্লাস প্রকাশ করে এবং পটকা ফুটিয়ে আনন্দ প্রকাশ করে।

খেলা শেষে বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহ জামাল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের হাতে ট্রফি এবং একটি গরু এবং বিজিত দলের হাতে ছাগল এবং ট্রফি তুলে দেন।

এ সময় সেখানে আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, আমদা ইউনিয়নের চেয়ারম্যান আনারুল ইসলাম, টুর্নামেন্ট

কমিটির আহ্বায়ক আলী রেজা, মুক্তিযোদ্ধা হায়দার আলী খান, ইউপি সদস্য আলমগীর হোসেন লাল্টু, জাহাঙ্গীর, পলাশ, সেলিম, সুমন প্রমুখ উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি

সাকিবের শাস্তি কমতে পারে, আশা জোগাচ্ছেন আমির

ম্যাচ ফিক্সিং নিয়ে জুয়াড়ির প্রস্তাব গোপন রাখায় সাকিব আল হাসানকে সবধরণের ক্রিকেটে এক বছর নিষিদ্ধ করেছে আইসিসি। যদিও প্রথমে নিষেধাজ্ঞাটা ছিল দুই বছর। তবে তিনি দায় স্বীকার করে নেয়ায় এক বছর শিথিল করা হয়। এসময়ে ফের অপরাধ করলে আগের শাস্তি বহাল থাকবে তার।
তবে সাকিবের নিষেধাজ্ঞা মেনে নিতে পারছেন না দেশের ক্রিকেটভক্তরা। এক বছর ক্রিকেটে প্রিয় তারকাকে দেখতে পারবেন না তারা। একে লঘুপাপে গুরুদণ্ড ভাবছেন ক্রিকেটপ্রেমীরা। শিগগির তাকে মাঠে ফেরত চান তারা।
বাংলাদেশি ক্রীড়ামোদিরা আশায় বুকও বাঁধতে পারেন। তাদের আশা জোগানোর পাত্রও সামনে আছেন, পাকিস্তানের তারকা পেসার মোহাম্মদ আমির। ২০১০ সালের আগস্টে অর্থের বিনিময়ে লর্ডস টেস্টে স্পট ফিক্সিং করায় সবধরনের ক্রিকেটে ৫ বছর নিষিদ্ধ হন তিনি। তবে আইসিসি’র দুর্নীতিবিরোধী কার্যক্রমে ঠিকঠাকভাবে অংশ নেয়ায় নির্ধারিত সময়ের ৬ মাস আগেই ঘরোয়া ক্রিকেট ফেরেন বাঁহাতি পেসার। সাড়ে ৪ বছরেই তার নিষেধাজ্ঞার মেয়াদ শেষ হয়।

আমিরের অপরাধ ছিল গুরুতর। সেই তুলনায় সাকিবের দুর্নীতি গৌণ। ২০১৭-২০১৮ সাল পর্যন্ত তিনবার ভারতীয় জুয়াড়ি দীপক আগারওয়ালের সঙ্গে কথোপকথন হয় তার। স্বাভাবিকভাবেই ম্যাচ ফিক্সিংয়ের প্রস্তাব পান তিনি। তবে তা গ্রহণ করেননি বিশ্বসেরা অলরাউন্ডার।

বিপত্তিটা বাঁধে অন্য জায়গায়। আইসিসিরি দুর্নীতি দমন ইউনিটের

(আকসু) আইন অনুযায়ী, সেটা সঙ্গে সঙ্গে তাদের জানাতে হতো। তবে অবগত বা অবহিত করেননি সাকিব। জিজ্ঞেস করলেও অস্বীকার করেন তিনি। পরে তদন্তে নামে আকসু। আগারওয়ালের সঙ্গে তার আলাপের প্রমাণ পায় তারা। স্বভাবতই চেতে যায় আইসিসি। ফলে তার ওপর নিষেধাজ্ঞার খড়গ নেমে আসে।

সাকিবের এ শাস্তি কমতেও পারে। এজন্য যা করতে হবে তাকে-প্রথমত, নিষেধাজ্ঞার সময়ে আইসিসির দুর্নীতি দমন বিভাগের আইন কিংবা কোনো দেশেরই দুর্নীতিবিরোধী আইন ভাঙা যাবে না। পারলে বা সম্ভব হলে ভালো কাজ করতে হবে। দ্বিতীয়ত, আইসিসির নির্দেশনানুসারে বিভিন্ন দুর্নীতিবিরোধী শিক্ষা কার্যক্রম এবং পুনর্বাসন প্রক্রিয়ায় স্বেচ্ছায় ও পরিপূর্ণভাবে অংশগ্রহণ করতে হবে। তারা যেভাবে বলে দেবে ঠিক সেভাবেই কাজ করতে হবে।

এ শর্ত দুটি ঠিকমতো পূরণ করলেই এক বছরে শেষ হবে সাকিবের নিষেধাজ্ঞা। এমনকি এতে আইসিসি সন্তুষ্ট হলে শাস্তিটা নেমে আসতে পারে ৬ মাসে। ফিরতে পারবেন ২২ গজে।

ইতিমধ্যে সাকিবের শাস্তি কমাতে আইনি পরামর্শ নেয়ার কথা জানিয়েছে বিসিবি। বৃহস্পতিবার দুপুরে বোর্ডের প্রধান নির্বাহী নিজামউদ্দিন চৌধুরী সুজন জানান,তার শাস্তির মেয়াদ কমানোর সবধরনের চেষ্টা আমরা করব।

ক্রিকেটে এবার সাকিব গুঞ্জন

বাংলাদেশের ক্রিকেট স্বাভাবিক হতে চাইছেই না। তিন দিনের আন্দোলনের পর জাতীয় লিগে ফিরেছেন ক্রিকেটাররা।

ভারত সফরের প্রস্তুতিও শুরু হয়েছে। এর মাঝেই আবার ধাক্কা এল ক্রিকেটে। জাতীয় দলের অধিনায়ক সাকিব আল হাসানকে চুক্তিভঙ্গের কারণ দর্শাতে বলেছে ক্রিকেট বোর্ড।
সকাল থেকেই ক্রিকেট পাড়ায় গুঞ্জন, সাকিবের বিরুদ্ধে আইনি নোটিশ পাঠানোর চিন্তা করছে বিসিবি।

দেশের শীর্ষস্থানীয় একটি মোবাইল সেবাদানকারী প্রতিষ্ঠান ‘গ্রামীণফোন’ এর পণ্যদূত হয়েছেন জাতীয় দলের অধিনায়ক সাকিব আল হাসান। আর পুরো ব্যাপারটাই হয়েছে বিসিবির কাছ থেকে অনাপত্তিপত্র না নিয়েই। ক্রিকেট বোর্ডের দাবি, খেলোয়াড়দের চুক্তিপত্রে আলাদা করে বলা হয়েছে এমন কোনো চুক্তি করা যাবে না। তবু সাকিবের এমন চুক্তি মেনে নিতে পারছে না বিসিবি।

এ ব্যাপারে মিরপুরে কথা বলেছেন বোর্ড সভাপতি নাজমুল হাসান। দলের প্রস্তুতি দেখা ও নতুন স্পিন কোচ ডেনিয়েল ভেট্টোরির সঙ্গে সাক্ষাতের জন্য এসে সাকিবের ব্যাপারেও কথা বলেছেন নাজমুল।

সংবাদমাধ্যমের সঙ্গে কথোপকথনে জানিয়েছেন সাকিবকে কারণ দর্শাতে হবে, ‘আমাদের আইন অনুযায়ী এটা কোনোভাবেই করার কথা না। করতে পারে না। এ ব্যাপারে কোনো সন্দেহ নেই। ওই টেলিকম প্রতিষ্ঠান (গ্রামীণফোন) জানে, খেলোয়াড়েরাও জানে। এবং ওদের সঙ্গে আমাদের চুক্তি হয়েছে। কাজেই এটা কেন করল ওকে আগে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিতে হবে।

সে কারণেই ঠিক করেছি ওকে চিঠি দেওয়ার। কিন্তু একটা জিনিস আমরা জানি, এটা কোনোভাবে করতে পারে না। এটা সম্পূর্ণ বেআইনি।’

গত ২১ অক্টোবর দাবি আদায়ে দেশের শীর্ষ ক্রিকেটারদের ধর্মঘটে বাংলাদেশের ক্রিকেটে অচলাবস্থা সৃষ্টি হয়। তিন দিন চলা এ আন্দোলনের পর বিসিবি জানায়, তারা বেশির ভাগ দাবি পূরণে প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছে।

বিসিবি অধিকাংশ দাবি মেনে নেওয়ার আশ্বাস দেওয়ায় ধর্মঘট স্থগিত করেন ক্রিকেটাররা। আন্দোলনের দ্বিতীয় দিন গত ২২ অক্টোবর ক্রিকেটারদের ধর্মঘটের সময় সাকিব আল হাসানকে তাদের নতুন পণ্যদূত হিসেবে ঘোষণা দেয় গ্রামীণফোন।

এ ব্যাপারে এএফপির সঙ্গে দিনের প্রথমভাগে কথা বলেছেন ক্রিকেট বোর্ডের প্রধান নির্বাহী নিজামউদ্দিন চৌধুরী, ‘আমরা বিশ্বাস করি সে যা করেছে তাতে বোর্ডের সঙ্গে চুক্তির শর্ত ভঙ্গ হয়েছে এবং যেভাবে চুক্তি করা হয়েছে তাতে নিয়ম ভাঙা হয়েছে। অবশ্যই আমরা এর বিরুদ্ধে ব্যবস্থা নেব।

:নিজস্ব প্রতিনিধি

ছহিউদ্দীন স্মৃতি ফুটবলে বিপ্লবের হ্যাটট্রিকে বিশাল ব্যবধানে ভাটপাড়া জয়ী

বিপ্লবের হ্যাটট্রিকের সুবাদে বড় ব্যবধানে জয়লাভ করে মেহেরপুরের ভাটপাড়া একাদশ ৩য় দল হিসাবে মোমিনপুর ছহিউদ্দীন স্মৃতি ফুটবল টুর্ণামেন্টে সেমিফাইনাল খেলার যোগ্যতা অর্জন করেছে। মোমিনপুর ডায়মন্ড ক্লাবের উদ্যোগে মোমিনপুর মাঠে অনুষ্ঠিত ৩য় কোয়াটার ফাইনাল খেলা ভাটপাড়া একাদশ ৬-১ বলে বিশাল ব্যবধানে চুয়াডাঙ্গা হাজরাহাটি একাদশকে পরাজিত করে।
প্রথমার্ধের বিপ্লব ও সাগরের জোড়া গোলের সুবাদে ৪-০ গোলে এগিয়ে যায়।

দ্বিতীয়ার্ধে বিপ্লব তার হ্যাটট্রিক পূরণ করার পাশাপাশি ইউসুফের ১টি গোল করে গোলের ব্যবধান ৬ এ নিয়ে যায়। পরে হাজরাহাটি একাদশ দলের পক্ষে সাজন ১টি গোল করে গোলের ব্যবধান কমায়।
খেলাই বিপ্লব ও ইউসুফ সেরা খেলোয়াড়ের পুরস্কার লাভ করেন। খেলা শেষে উপজেলা চেয়ারম্যান মোমিনুল ইসলাম পুরস্কার বিতরণ করেন।

এ সময় আওয়ামী লীগ নেতা আরিফুল ইসলাম লিটন, মোমিনপুর ডায়মন্ড ক্লাবের সভাপতি জয়নাল আবেদীন, সম্পাদক রিপন, কৃষক লীগের সহ-সভাপতি আ: মান্নান প্রমুখ উপস্থিত ছিলেন।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে ছহিউদ্দিন স্মৃতি

ফুটবলে বাওট একাদশ সেমিফাইনালে

মেহেরপুর সদর উপজেলা মোমিনপুর ডায়মন্ড ক্লাবের উদ্যোগে মোমিনপুর মাঠে অনুষ্ঠিত ছহিউদ্দিন স্মৃতি ফুটবল টুর্নামেন্টে বাওট একাদশ সেমিফাইনালে খেলার যোগ্যতা অর্জন করেছে।

গতকাল রবিবার অনুষ্ঠিত ১ম কোয়াটার ফাইনাল খেলায় বাওট একাদশ ২-০ গোলে ভগিরতপুর একাদশকে পরাজিত করে। বিজয়ী দলের পক্ষে মিঠু ও ইমরান গোল করে এবং মিঠু ও ইমরান ম্যান অব দ্য ম্যাচ এর পুরস্কার লাভ করেন।

খেলা শেষে আওয়ামী লীগ নেতা শামিম ফেরদৌস ও সদর উপজেলা ভাইস চেয়ারম্যান মোমিনুল ইসলাম ম্যান অব দ্য ম্যাচের পুরস্কার বিতরন করেন।

নিজস্ব প্রতিনিধি

সুস্থ মন, সুস্থ শরীর গড়তে খেলাধূলার বিকল্প নেই — এমপি সাহিদুজ্জামান খোকন

বাংলাদেশ জাতীয় সাবেক ফুটবলারদের অংশ গ্রহনে মেহেরপুরের গাংনীতে ব্যাপক উৎসাহ উদ্দীপনা ও জাঁকজমকপূর্ণভাবে প্রীতি ফুটবল খেলা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকাল সাড়ে ৩ টার সময় গাংনীর ঐতিহ্যবাহী ভাটপাড়া কুঠি ফুটবল মাঠে প্রীতি খেলা অনুষ্ঠিত হয়েছে। নারায়নগঞ্জ জেলা রাইজিং সান ফুটবল একাদশ বনাম কুষ্টিয়া জেলা সোনালী অতীত ফুটবল একাদশের মধ্যে প্রীতি ফুটবল খেলা অনুষ্ঠিত হয়। ৭০-৮০ দশকের জাতীয় পর্যায়ের একাধিক খেলোয়াড়দের সমন্বয়ে গঠিত দুটি দল নিয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। এ খেলায় নারায়নগঞ্জ একাদশ ৩-২ গোলে মেহেরপুর জেলা সোনালী অতিত ক্লাবকে পরাজিত করে।

গাংনীর ভাটপাড়া নীলকুঠি উন্নয়ন সংঘের আয়োজনে কাথুলী ইউনিয়ন যুবলীগের সাধারন সম্পাদক সুমন আহম্মেদ স্বপনের সঞ্চালনায় অনুষ্ঠানে কাথুলী ইউপি আ.লীগের সাবেক সাধারন সম্পাদক জাবের আলীর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রতিযোগিতার শুভ উদ্বোধন ঘোষনা করেন,মেহেরপুর-গাংনী আসনের জাতীয় সংসদ সদস্য সাবেক ছাত্রনেতা ও গাংনী উপজেলা আ.লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন । বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,গাংনী উপজেলা আ.লীগের সাধারন সম্পাদক গোলাম মোস্তফা, গাংনী থানার অফিসার ইনচার্জ ওবাইদুর রহমান, গাংনী পৌর সভার মেয়র আশরাফুল ইসলাম,গাংনী উপজেলা আ.লীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান, মেহেরপুর জেলা পরিষদের সদস্য তৌহিদ মুর্শেদ অতুল, মজিরুল ইসলাম, আ.লীগ নেতা মনিরুজ্জামান আতু।

প্রধান অতিথির বক্তব্যে এমপি সাহিদুজ্জামান খোকন বলেন, খেলাধূলা দৈহিক কাঠামো সুদৃঢ় করতে এবং সুস্থ শরীর সুস্থ মন গড়তে খেলাধূলার বিকল্প নেই। খেলাধূলা মাদকাসক্তি, জঙ্গীবাদ ও সন্ত্রাসী কর্মকান্ড থেকে জীবনকে তথা দেশকে সুন্দর করে গড়ে তুলতে সহায়তা করে। খেলাধূলার সুন্দর পরিবেশ গড়ে তুলতে ইতোমধ্যেই যুব ও ক্রীড়া মন্ত্রণালয় নানা উদ্যোগ গ্রহন করেছেন। গাংনীতেও শেখ রাসেল নামে একটি মিনি ষ্টেডিয়াম তৈরী করা হবে।

এসময় উপজেলা কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা,গাংনী থানা যুব মহিলালীগের সভাপতি শাহানা ইসলাম সাবেক ফুটবলার আমিরুল ইসলাম অল্ডাম প্রমুখ। এসময় আমন্ত্রিত অতিথিবৃন্দ ছাড়াও রাজনৈতিক নেতৃবৃন্দ ও ইউনিয়নের জনপ্রতিনিধি,সুধী বৃন্দ উপস্থিত ছিলেন।

খেলা আমন্ত্রিত দল নারায়নগঞ্জ জেলা রাইজিং সান ফুটবল একাদশ বনাম কুষ্টিয়া জেলা সোনালী অতীত ফুটবল একাদশের মধ্যে অনুষ্ঠিত হয়। নারায়নগঞ্জ জেলা ৩-২ গোলে স্বাগতিক কুষ্টিয়া জেলা একাদশকে হারিয়ে বিজয় লাভ করে। খেলাটি পরিচালনায় প্রধান রেফারী হিসাবে আব্বাস আলী, সহকারী রেফারী মাহবুবুর রহমান ও টুটুল। কুষ্টিয়া জেলা দলের কোচ হিসাবে ছিলেন,আমিরুল ইসলাম অল্ডাম। খেলায় বিজয়ী দলকে ক্রেষ্ট উপহার দেয়া হয়। মাঠে হাজার হাজার দর্শক খেলা উপভোগ করেন।

– নিজস্ব প্রতিনিধি